Phone call between Prime Minister ShriNarendraModi and Her Excellency MetteFrederiksen, Prime Minister of Denmark

May 14, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ডেনমার্কের প্রধানমন্ত্রী মহামান্যা মেত্তে ফেডরিক্সনের মধ্যে টেলিফোনে বাক্যালাপ

মে 14,2020

মাননীয় প্রধানমন্ত্রী আজ ডেনমার্কের প্রধানমন্ত্রী মহামান্যা মেত্তে ফেডরিক্সনের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা ,কোভিড-19 অতিমারি মোকাবিলা করার ক্ষেত্রে দুই দেশের উল্লেখিত গৃহীত পদক্ষেপগুলির তুলনামূলক আলোচনা করেছেন। সংক্রমণ না বাড়তে দিয়ে লকডাউনের বিধিনিষেধ তুলে নেওয়ার ক্ষেত্রে ডেনমার্কের সাফল্যকে প্রধানমন্ত্রী প্রশংসা করেছেন। দুই দেশ সহমত হয়েছে যে ভারত এবং ডেনমার্কের বিশেষজ্ঞরা পরস্পর যোগাযোগ রেখে চলবে যাতে একে অন্যের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ করতে পারে।

ভারত এবং ডেনমার্কের মধ্যে থাকা সম্পর্ক আরো শক্তিশালী করার আকাংখা দুই নেতা পুনরায় ব্যক্ত করেছেন এবং কোভিড পরবর্তী বিশ্বে দুই দেশ একসাথে কোন কোন পথে কাজ করতে পারে তাই নিয়ে আলোচনা করেছেন।

12 মে 2020 দুই দেশের বিদেশমন্ত্রীদের মধ্যে যুগ্ম কমিশনের মিটিং এর সফলরূপে সংগঠন করাকে তারা স্বাগত জানিয়েছেন।

দুই নেতাই এই ব্যাপারে সহমত হয়েছেন যে স্বাস্থ্য গবেষণা, নির্মল এবং পরিবেশবান্ধব শক্তি এবং জলবায়ু পরিবর্তনকে পূর্বস্থানে ফিরিয়ে আনা, এই সকল ক্ষেত্রগুলিতে একযোগে কাজ করার প্রচুর সুযোগ রয়েছে যা থেকে উভয় দেশই উপকৃত হতে পারে। ভারত এবং ডেনমার্কের মধ্যে একটি শক্তিশালী পরিবেশবান্ধব কৌশলগত অংশীদারত্ব তৈরি করার লক্ষ্যে কাজ করতে দুই নেতাই অঙ্গীকারবদ্ধ হয়েছেন।

নিউ দিল্লি
মে 14,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.